

এশিয়ান ইউনিভার্সিটি

ঢাকা ও রাজশাহী ক্যাম্পাসে শিক্ষার্থীদের মানববন্ধন

নিজস্ব প্রতিবেদক •

উপাচার্যের পদত্যাগ, স্থগিত সমাকর্ষন পুনরায় আরোহণ, উপাচার্যের বিদেশে যাওয়ার ক্ষেত্রে সুগিডাউনসহ বিভিন্ন দাবিতে ঢাকায় এশিয়ান ইউনিভার্সিটির শিক্ষার্থীরা গতকাল সোমবার জাতীয় প্রেসক্লাবের সামনে মানববন্ধন করেছেন। পরে তারা শিক্ষা মন্ত্রণালয়ে যাবতকালিপি দেন।

শিক্ষার্থীরা অভিযোগ করেন, এর আগে তারা ধানমন্ডি ক্যাম্পাসে ছড়ো হলে পুলিশ বাধা দেয়। সেখান থেকে শিক্ষার্থীরা যে যার মতো করে প্রেসক্লাবে এসে ছড়ো হন। পরে তারা মানববন্ধন করেন।

রাজশাহী অফিস জানায়, গতকাল এশিয়ান ইউনিভার্সিটির (এইউবি) রাজশাহী ক্যাম্পাসের শিক্ষার্থীরাও সংবাদ সম্মেলন ও মানববন্ধন করেছেন। তারা ১২ আগস্টের মধ্যে এই ক্যাম্পাসের বৈধতার কাগজপত্র এবং দূরশিক্ষণ বিভাগের অনুমতিপত্র দেখানোর দাবি জানিয়েছেন। অন্যথায় ১৪ আগস্টের দূরশিক্ষণ পরীক্ষা বর্জন, বিকোভ-সমাবেশসহ ক্যাম্পাস অচল করে দেওয়ার ঘোষণা দিয়েছেন।

গতকাল দুপুরে নগরের সাহেববাড়ার জিরো পয়েন্টে মানববন্ধন শেষে মেট্রোপলিটন প্রেসক্লাবে আয়োজিত সংবাদ সম্মেলনে শিক্ষার্থীরা এ দাবি জানান। দূরশিক্ষণ কাঁচাও আন্দোলন কমিটির ব্যানারে আয়োজিত সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন কমিটির আহ্বায়ক ও এইউবির শিক্ষার্থী রফিকুল ইসলাম। এ সময় এইউবির শিক্ষার্থী জাহাঙ্গীর আলম, মনজুরুল ইসলাম, রশিদুল হাসান, আব্দুল শ্রী সূচি, মাকি, বেলায়েতসহ অর্ধশতাধিক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

লিখিত বক্তব্যে শিক্ষার্থীরা বলেন, এইউবি রাজশাহী ক্যাম্পাসের যদি কোনো বৈধ কাগজপত্র না থাকে, তাহলে শিক্ষার্থীদের সঙ্গে নিয়ে কর্তৃপক্ষ সরকারের কাছে দাবি তুলতে পারে। সে ক্ষেত্রে শিক্ষার্থীরা কর্তৃপক্ষের সঙ্গে থাকবেন। কিন্তু তা না করে যদি কর্তৃপক্ষ অবৈধ ক্যাম্পাস চালু রেখে কয়েক হাজার শিক্ষার্থীর ভবিষ্যৎ শিক্ষাজীবন বিপথে ঠেলে দেওয়ার চেষ্টা করে, এর পরিণতি হবে ভয়াবহ।

এদিকে গতকাল নগরের একটি বেস্ট্রোটে এইউবির পক্ষ থেকে সংকল্প সম্মেলনের আয়োজন করা হয়। এতে বক্তব্য দেন এইউবির উপ-রেজিস্ট্রার সুলতান এলাহী। তিনি রাষ্ট্রপতির সমাকর্ষন অনুষ্ঠানে আসার জন্য ফেসব প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছিল তা পর্যবেক্ষণমূলক ভুলে ধরেন।